


বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ

(২০২২ইং সনের ৩৫১নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ৩রা অক্টোবর, ২০২২খ্রিঃ তারিখ রোজ সোমবার হইতে ১৩ই অক্টোবর, ২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত অতীব জরুরী বিষয় সমূহ নিষ্পত্তির লক্ষ্যে নিম্নে উল্লেখিত হাইকোর্ট বিভাগের অবকাশকালীন বেঞ্চ আংশিক সংশোধন পূর্বক গঠন করা হইলঃ

১. বিচারপতি জাহাঙ্গীর হোসেন
এবং
বিচারপতি মোঃ বশির-উল্লাহ

একত্রে ডিভিশন বেঞ্চ বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চ গ্রহণযোগ্য মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ করিয়া অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদণ্ডদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং অতীব জরুরী ভ্যাট, সম্পূরক শুদ্ধ, কাস্টমস ও ইনকামট্যাক্স সহ সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র গ্রহণ করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রফল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।



প্রধান বিচারপতি
বাংলাদেশ

তারিখঃ ০২/১০/২০২২ইং।

প্রচারের জন্য ঃ-

১। বিচারপতি জাহাঙ্গীর হোসেন।

২। বিচারপতি মোঃ বশির-উল্লাহ।